# যে সকল হারামকে মানুষ তুচ্ছ মনে করে থাকে

বিভাগ/অধ্যায়ঃ ৬৭. কোনো মুসলিমকে অভিশাপ দেওয়া এবং যে অভিশাপ পাওয়ার যোগ্য নয় তাকে অভিশাপ দেওয়া

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৬৭. কোনো মুসলিমকে অভিশাপ দেওয়া এবং যে অভিশাপ পাওয়ার যোগ্য নয় তাকে অভিশাপ দেওয়া

অনেকেই রাগের সময় জিহবাকে সংযত রাখতে পারে না। ফলে বেদিশা হয়ে লা'নত করে বসে। তাদের লা'নতের কোনো ঠিক-ঠিকানা নেই। মানুষ, পশু, জড় পদার্থ, দিন-ক্ষণ এমনকি নিজের সন্তান-সন্ততিদেরও তারা লা'নত করে বসে। দেখা যায়, স্বামী স্বীয় স্ত্রীকে লা'নত করে, আবার স্ত্রীও স্বামীকে লা'নত করে। এটি একটি মারাত্মক অন্যায়। আবু যায়েদ সাবিত ইবন দাহহাক আনসারী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

وَمَنْ لَعَنَ مُؤْمِنًا فَهُوَ كَقَتْلِه، وَمَنْ قَذَفَ مُؤْمِنًا بِكُفْرٍ فَهُوَ كَقَتْلِه»

"যে ব্যক্তি কোনো মুমিনকে লা'নত করল বা কাফের বলে গালি দিল, সে যেন তাকে হত্যা করল'।[1]

মহিলাদেরকে বেশি বেশি লা'নত করতে দেখা যায়। এজন্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের জাহান্নামী হওয়ার নানা কারণের মধ্যে এটি একটি বলে উল্লেখ করেছেন।[2]

এমনিভাবে লা'নতকারীরা কিয়ামত দিবসে সুপারিশকারীও হতে পারবে না।সবচেয়ে ভয়াবহ ব্যাপার এ যে, অন্যায়ভাবে লা'নত করলে তা লা'নতকারীর ওপর বুমেরাং হয়ে ফিরে আসে। তাতে লা'নতকারী মূলতঃ নিজকেই আল্লাহর রহমত থেকে বঞ্চিত করার জন্য প্রার্থনাকারী হয়ে দাঁড়ায়।

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী; সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ৩৪১০।

[2] সহীহ বুখারী; সহীহ মুসলিম; মিশকাত, হাদীস নং ১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10095

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন